উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

:-<u>নোটিশ</u>-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫- তারিখ: ২৩.০১.২০২৪ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৪ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৫ জানুয়ারি ২০২৪ খ্রি: দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৫। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৬। হাটবাজার সংক্রান্ত।
০৭। বিবিধ আলোচনা।

স্বাক্ষরিত/-
(মো: সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫- তারিখ: ২৩.০১.২০২৪ খ্রি.

বিতরণ কার্যার্থে:

....................................................... (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
২। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর জানুয়ারি ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

সভার তারিখ ঃ ২৫ জানুয়ারি ২০২৪ খ্রি. সময়ঃ বেলা ১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, চিরাং ইউনিয়নে ৩৭২৪৭৩০১৫, ৩৭২৪৭৫০০৭ ও ০৭২৪৭৩০১৮ আইডিগুলো একই রাস্তা। তাই উল্লেখিত আইডি গুলো একত্রিত করে যে কোন একটি আইডি নম্বর রেখে কেন্দুয়া উপজেলা সদর হতে আগারফেরীঘাট ভায়া সাজিউড়া বাজার রাস্তার নামাকরণ জন্য সভায় প্রস্তাব করেন। (রাস্তার দৈর্ঘ্য ৮.০০ কিমি)<br>তিনি আরও বলেন যে, পাইকুড়া ইউনিয়নে একজন বীরমুক্তিযোদ্ধা আব্দুল আশিদ খান এর নামে আবেদনের ভিত্তিতে (রাস্তার আইডি নং-৩৭২৪৭৪০২৫) পাইকুড়া বাজার হয়ে চিটুয়া রাস্তা নামকরণের জন্য সভায় প্রস্তাব করেন। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। বীরমুক্তিযোদ্ধা আব্দুল আশিদ খান এর নামে রাস্তাটি নামকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ২. | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গোগ বাজারে মিল্ক ভিটা কালেকশন সেন্টার স্থাপন করা হয়েছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৩. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে আরডি ও কমিউনিটি ক্লিনিকের বাউন্ডারি নির্মাণের জন্য সভায় প্রস্তাব করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উন্মুক্ত মাছের উৎপাদন বৃদ্ধির জন্য আশুজিয়া ভুগিয়া বিল ও সান্দিকোনা কালিয়ান বিলে বিল নার্সারি করার জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ৭ জন সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তার মধ্যে ০৩ জন আছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা |
| ৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলা মহিলা বিষয়ক অফিসের কার্যাক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেন্দুয়া |
| ৭. | জনস্বাস্থ্য বিভাগ | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কেন্দুয়া সভায় জানান যে ২০২৩-২৪ অর্থ বছরের কাজ প্রায় শেষের দিকে। তাছাড়া অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ৮. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক কেন্দুয়া সভায় বলেন যে, পল্লী সঞ্চয় ব্যাংকের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কেন্দুয়া |
| ৯. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কেন্দুয়া সভায় জানান যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১০. | তথ্য আপা | তথ্য আপা সভায় বলেন যে, গ্রামীণ ৫০ মহিলা উদ্যোক্তাকে নিয়ে ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হবে। যারা অনলাইনে ব্যবসা করতে আগ্রহী তাদেরকে এই বিষয়ে জানানোর জন্য সকলকে অনুরোধ জানান। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | তথ্য সেবা কর্মকর্তা |
| ১১. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সকলকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রোগ্রামার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | উপজেলা বন কর্মকর্তা | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বেখৈরহাটি বাগানের অনেক গাছ মারা গেছে। চিরাং ইউনিয়নে ১০ কিমি বাগানে অনেক গাছ মারা গেছে। গাছগুলো টেন্ডারের মাধ্যমে কর্তনের জন্য অনুরোধ করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজে[illegible] কর্মক[illegible] |
| ১৩. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মাঠ পর্যায়ের কাজ চলমান। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৪. | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি সভায় বলেন যে, গড়াডোবা ইউনিয়নে যাওয়ার পথে অনেকটি গর্ত হয়েছে। গর্ত গুলো ভরাট করার জন্য প্রস্তাব করেন। টিসিবি তালিকা পরিবর্তনের জন্য সভায় অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। নীতিমালা অনুযায়ী টিসিবি তালিকা পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এলজিইডি, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৫. | চেয়ারম্যান, মাসকা ইউপি | চেয়ারম্যান, মাসকা ইউপি সভায় বলেন যে, মিলন বাসস্ট্যান্ড হয়ে আদমপুর রাস্তাটির কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন। শিমুলতলী হয়ে আউজিয়া রাস্তার কাজে পুরাতন ইট ব্যবহার করা হচ্ছে। এইচবিবি রাস্তার ইট দিয়ে নতুন রাস্তার কাজে ব্যবহার করা হচ্ছে। সাবমারসিবল স্থাপনের কাজে ফিনিশিং সঠিকভাবে হচ্ছে না। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এলজিইডি, উপ সহকারী প্রকৌশলী; জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৬. | চেয়ারম্যান, সান্দিকোনা ইউপি | চেয়ারম্যান, সান্দিকোনা ইউপি সভায় বলেন যে, এডিপি পিআইসির কাজ শেষ। পরিদর্শন করে বিল প্রদানের জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| ১৭. | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি সভায় বলেন যে, সাজিউড়া হয়ে মামুদপুর রাস্তাটি অবস্থা নাজেহাল এবং চিরাং হয়ে তাড়াইল রাস্তাটির অবস্থা ভালো নয়। রাস্তাগুলো মেরামত করার জন্য অনুরোধ করেন। টিসিবি তালিকা পরিবর্তনের জন্য সভায় অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। নীতিমালা অনুযায়ী টিসিবি তালিকা পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এলজিইডি, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮ | চেয়ারম্যান, পাইকুড়া ইউপি | চেয়ারম্যান, পাইকুড়া ইউপি সভায় বলেন যে, ৪,৫,৬ নং ওয়ার্ডে শিশুদের টিকার স্বল্পতা হচ্ছে। টিকা দেওয়ার ব্যবস্থা করার জন্য সভায় অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৯ | চেয়ারম্যান বলাইশিমুল ইউপি | চেয়ারম্যান, বলাইশিমুল ইউপি সভায় বলেন যে, ১৫ টাকা কেজি চালের ২ জন ডিলার আছে। ২ জন ডিলারের মধ্যে ১ জন ডিলারের জায়গা পরিবর্তন করে আমলীতলা বাজারে দেওয়ার জন্য প্রস্তাব করেন। এডিপি ও উন্নয়ন পিআইসি কাজগুলো পরিদর্শন করে বিল প্রদানের জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২০ | চেয়ারম্যান, চিরাং ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউপি সভায় বলেন যে, চিরাং ইউনিয়নে বনায়ন আছে। বনায়নের গাছগুলো পড়ে যাচ্ছে এবং লোকজন নিয়ে যাচ্ছে। গাছগুলোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। কেন্দুয়া আঠারবাড়ী রাস্তা হতে ছিলিমপুর রাস্তাটির উন্নয়ন করার জন্য সভায় প্রস্তাব করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা বন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি সভায় বলেন যে, ৮ মাস ধরে সচিব নেই। ইউনিয়ন পরিষদ ভবনটি খুবই জরাজীর্ণ। ভবনটি মেরামত করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, |
| ২২ | বিবিধ-১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নিম্নবর্ণিত ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>ক) ২৩.০৩.২০২৩ ইং তারিখ হতে ২৫.০১.২০২৪ ইং তারিখ পর্যন্ত ০৯ জন প্রয়াত বীরমুক্তিযোদ্ধার দাফন-কাফনের বিল বাবদ ২০,১৩৭/- টাকা চেক নং-৬৮৭৬০৭১ তারিখ: ২৫.০১.২০২৪ খ্রি: মূলে জনাব নাজিম উদ্দিন, অফিস সুপারকে প্রদান। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয়োত্তর অনুমোদিত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৪৯
তারিখঃ ২৫ জানুয়ারি ২০২৪ খ্রি.

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৪৯
তারিখঃ ২৫ জানুয়ারি ২০২৪ খ্রি.

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা।
৩। উপজেলা ........................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।
৪। চেয়ারম্যান ....................................... ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা